সংবাদ

তারিখ : FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজে বিএইচএমএস কোর্স

সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজে ব্যাচেলর অফ হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারি (বিএইচএমএস) কোর্সে ১ম বর্ষে ছাত্রছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। ভর্তির আবেদনপত্র ২০ টাকা এবং সেন্টার ফি ৫০০ টাকাসহ মোট ৫২০ টাকার বিনিময়ে সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ, মিরপুর-১৪, ঢাকা থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। প্রার্থীকে নিজে আবেদনপত্র গ্রহণ, জমা এবং প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। আগামী ৫ মার্চ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করে জমা দেয়া যাবে।

**ভর্তির যোগ্যতা :** আবেদনকারীকে এসএসসি এবং এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম মোট জিপিএ ৬ থাকতে হবে। এসএসসি এবং এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় যে কোন একটিতে ঐচ্ছিক বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে। যারা পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যাসহ এইচএসসি বা সমমান পরীক্ষায় ২০০৭ ও ২০০৮ সালে পাস করেছে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। ২০০৫ সালের আগে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণরা আবেদনের যোগ্য নয়।

**আসন সংখ্যা :** মোট আসন সংখ্যা ৫০টি। এর মধ্যে একটি আসন উপজাতীয় এবং একটি আসন বিদেশীদের জন্য সংরক্ষিত থাকবে। বিদেশী ও উপজাতীয় ছাত্রছাত্রী পাওয়া না গেলে সাধারণ মেধা তালিকা থেকে আসনগুলো পূরণ করা হবে।

**যেসব কাগজপত্র জমা দিতে হবে :** এসএসসি বা সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট। এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল/প্রভিশনাল সার্টিফিকেট অথবা শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রশংসাপত্র। এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র। চার কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি। উপজাতীয়দের ক্ষেত্রে ডেপুটি কমিশনার ও গোত্রপ্রধানের প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

**অন্যান্য তথ্যাবলি :** এমসিকিউ পদ্ধতিতে পদার্থবিদ্যা-৩০, রসায়নবিদ্যা-৩০, জীববিদ্যা-৩০ এবং ইংরেজি-১০, মোট ১৪০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। অধ্যক্ষের কার্যালয় থেকে ১১ ও ১২ মার্চ তারিখে আবেদনকারীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। লিখিত ভর্তি পরীক্ষা ১৪ মার্চ সকাল ১০টায় কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বিএইচএমএস শেষ পর্ব পাস করার পর কলেজ সংলগ্ন হোমিওপ্যাথিক হাসপাতালে এক বছর ইন্টার্নিশিপ ট্রেনিং গ্রহণের পর বিশ্ববিদ্যালয় কর্তৃক সনদ প্রদান করা হবে।